



সেবাভারতী কৃষি বিজ্ঞান কেন্দ্র
কাপগাড়ী::পশ্চিম মেদিনীপুর-৭২১৫০৫
www.sevabharatikvk.org



তারিখ:-২০/১০/২০১৭

ফসলের জাত সুরক্ষা ও কৃষকের আধিকার আইন -২০০৯

ফসলের দেশি জাত এবং নতুন উন্নত জাত উদ্ভাবন ও তার সংরক্ষণের জন্য "জাত সুরক্ষা ও কৃষকের আধিকার" একটি গুরুত্বপূর্ণ বিষয়। প্রগতিশীল কৃষক বন্ধুরা এবং কৃষি বিজ্ঞানীগণ প্রতি নিয়ত ফসলের বিভিন্ন জাতের উন্নতি করণ, যোগান ও সংরক্ষণ করে চলেছেন। সমাজিক ও আর্থিক সঙ্গতির সঙ্গে সম্পর্ক রেখে বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, গবেষণা কেন্দ্র এবং সর্বোপরি কৃষকের আধিকার রক্ষার্থে ভারত সরকার ২০০৯ সালে, "ফসলের জাত সুরক্ষা ও কৃষকের আধিকার (PPV & FR)" আইন চালু করেছে। এই আইন যথাযথ পালনের জন্য ভারত সরকারের কৃষি দপ্তরের অধিনে ২০০৪ সালে ৯৯ই নভেম্বর গঠিত হয়েছে। এই সংস্থায় বিভিন্ন সরকারি মন্ত্রক, কৃষি বিশ্ববিদ্যালয়, প্রগতিশীল কৃষক, উপজাতি সংস্থা, বীজ সংস্থা ও মহিলা সংগঠন এর থেকে প্রতিনিধিত্ব রয়েছে।

এই সংস্থার কাজ হলো বিভিন্ন ফসলের জাতের পরিষ্কার-নিরীক্ষার মাধ্যমে সংরক্ষণ করা এবং কৃষক ও কৃষি বিজ্ঞানীদের দ্বারা প্রাপ্ত জাতের নাম নথিভুক্ত করণের স্বীকৃতি দেওয়া। এই ব্যাপারে প্রগতিশীল কৃষকবন্ধুদের বিনামূল্যে বিভিন্ন ধরনের জাতের নথিভুক্ত করণের সুযোগ আছে।

ফসলের জাত সুরক্ষা ও কৃষকের আধিকার আইন ২০০৯ এর উদ্দেশ্য :-

- ১) প্রগতিশীল কৃষক ও কৃষি বিজ্ঞানীদের আধিকার এবং ফসলের প্রজাতি (Variety) রক্ষা ও সংরক্ষণের জন্য এক কার্যকরী ব্যবস্থাপনা করা ও সঙ্গে সঙ্গে নতুন প্রজাতির উন্নয়ন করার জন্য উৎসাহিত করা।
- ২) যে সমস্ত কৃষক বন্ধুরা নতুন প্রজাতির উন্নয়ন, সংরক্ষণ ও একটি জিন সম্পদ হিসাবে প্রতি নিয়ত কাজ করে যাচ্ছেন, সেই সমস্ত কৃষকবন্ধুদের স্বীকৃতি দেওয়া।
- ৩) সর্বভারতীয় বা জাতীয় স্তরে কৃষি উন্নয়নকে ত্বরান্বিত করা, প্ল্যান্ট ব্রীডার এর আধিকারকে সংরক্ষিত করা।
- ৪) দেশের মধ্যে উচ্চস্তরমানের বীজ উদ্ভাবনের ও সংরক্ষণের সহায়ক পরিবেশ তৈরি করা।

ফসলের জাত রেজিস্ট্রেশনের জন্য বীজ সংগ্রহের পরিমাণ

নাম	পরিমাণ
১) ধান, গম, জুট্টা	৯৫০০ গ্রাম।
২) বিরি, কলাই, মুগ, মুসুর	৫০০ গ্রাম।
৩) সরিষা, তিল	২৫০ গ্রাম।
৪) পাট	২৫০ গ্রাম।
৫) ছোলা, অড়হর	৯০০০ গ্রাম।
৬) কয়লা	৯৫০ গ্রাম।
৭) শশা	২৫ গ্রাম।
৮) কুমড়া, লাউ, ভিড়ি	৯০০ গ্রাম।
৯) ধনে	৯২৫ গ্রাম।
১০) বাদাম	৯৫০০ গ্রাম।
১১) বেগুন, লক্ষা	৭.৫ গ্রাম।

উক্ত ফসলের জাত রেজিস্ট্রেশনের জন্য কৃষক বন্ধুরা পরিমাণ মতো বীজ সংগ্রহ করে সেবা ভারতী কৃষি বিজ্ঞান কেন্দ্রে যোগাযোগ করুন।

এই বিষয়ে অতিরিক্ত তথ্য এতৎ পত্নামর্শে জন্ম যোগাযোগ করুন
কাশিতাথ মহান্তি, ফার্ম ম্যানেজার ও ডায় প্রাক্ত (PPV & FR)

MOB:- 8017306135

কৃষি-পত্রপালন-মৎস্য-ও-সংশ্লিষ্ট বিষয় যে কোন সমস্যা সমাধান ও পরামর্শের জন্য সেবারতী কৃষি বিজ্ঞান কেন্দ্রে যোগাযোগ করুন

সেবাভারতী কৃষি বিজ্ঞান কেন্দ্র

কাপগাড়ী, পশ্চিম মেদিনীপুর কৃষক প্রচারিত ও প্রকাশিত